তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

যুগান্তর

# জবি ভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ৬৫ জন

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৬-১৭ শিক্ষা বর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে লড়বেন ৬৫ জন প্রতিযোগী। বিশ্ববিদ্যালয়ে মোট ২ হাজার ৭৬৫টি আসনের বিপরীতে অনলাইনে আবেদন করেছেন ১ লাখ ৭৮ হাজার ৩৫০ জন। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এ তথ্য জানিয়েছে। এবার 'এ' ইউনিটের ৮২৫টি আসনে আবেদন করেছে ৬৪ হাজার ২৮৪ জন। এছাড়া 'বি' ইউনিটে ৬৭০ আসনে ৩৬ হাজার ২১৩, 'সি' ইউনিটে ৫৬০ আসনে ২৭ হাজার ৮১৬, 'ডি' ইউনিটে ৫৯০ আসনে ৪৮ হাজার ১২ এবং 'ই' ইউনিটে ১২০ আসনে ২ হাজার ২৫ জন শিক্ষার্থী আবেদন করেছেন। আগামী ২৩-২৫ সেপ্টেম্বর 'সি' ইউনিটের, ২৬ সেপ্টেম্বর থেকে ১৩ অক্টোবর 'এ' ইউনিটের এবং ১৪-২৩ অক্টোবর 'ডি' ইউনিটের পরীক্ষার্থীরা প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

**পরীক্ষার তারিখ :** 'এ' ইউনিটের ২১ অক্টোবর, 'বি' ইউনিটের ২৩ সেপ্টেম্বর, 'সি' ইউনিটের ৩০ সেপ্টেম্বর, 'ডি' ইউনিটের ২৮ অক্টোবর এবং 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। সব ইউনিটের ভর্তি পরীক্ষার সময় বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত। ভর্তিসংশ্লিষ্ট বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের এই www.jnu.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**প্রয়োজনীয় কাগজপত্র :** ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার্থীকে প্রবেশপত্রের দুই কপি ছবি সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না। তাছাড়া চূড়ান্তভাবে নির্বাচিত হলে প্রবেশপত্র ছাড়া ভর্তি হওয়া যাবে না।